

২০২১

বাংলা — সাধারণ

তৃতীয় সেমেস্টার

পত্র : SEC-A-2

(ব্যবহারিক বাংলা - ১)

পূর্ণমান - ৮০

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। নীচের গল্পসূত্র থেকে কমবেশি ৩০০ শব্দে শিরোনামসহ কাহিনি নির্মাণ করো। ১০

এক বৃদ্ধ কৃষকের তিন ছেলে। ছেলেরা অতিশয় অলস। বাবা অক্লান্ত পরিশ্রম করে সংসার চালান। ছেলেরা ঘুরে ঘুরে তা নষ্ট করে। একদিন কৃষক অসুস্থ ও মরণাপন্ন হয়ে পড়লেন। ছেলেরা এসে জিজ্ঞাসা করল— বাবা অর্থ সম্পদ সব কোথায় সঞ্চিত রেখেছো? বাবা বললেন, বাড়ির সামনে পতিত জমিতে মাটির নীচে পোঁতা আছে। বাবা মারা গেলে ছেলেরা গুপ্তধনের লোভে মাটি খুঁড়ল; কিন্তু কিছুই পেল না। শেষে জমিতে বীজ ছড়িয়ে দিল। খুব ভালো ফসল হলো। ফসল বেচে অনেক টাকা পেল তারা। বাবার কথার অর্থ বুঝতে পারলো।

অথবা;

নিম্নলিখিত অংশটি পড়ে চিত্রনাট্য নির্মাণ করো। ১০

কাঁঠালিয়ার জমিদার মতিলালবাবু নৌকা করিয়া সপরিবারে স্বদেশে যাইতেছিলেন। পথের মধ্যে মধ্যাহ্নে নদীতীরের এক গঞ্জের নিকট নৌকা বাঁধিয়া পাকের আয়োজন করিতেছেন এমন সময় এক ব্রাহ্মণ বালক আসিয়া জিজ্ঞাসা করিল, “বাবু তোমরা যাচ্ছ কোথায়?”। প্রশ্নকর্তার বয়স পনেরো-ষোলোর অধিক হইবে না।

মতিলালবাবু উত্তর করিলেন, “কাঁঠালে।”

ব্রাহ্মণবালক কহিল, “আমাকে পথের মধ্যে নন্দীগাঁয়ে নাবিয়ে দিতে পার?”

বাবু সম্মতি প্রকাশ করিয়া জিজ্ঞাসা করিলেন, “তোমার নাম কী?” ব্রাহ্মণবালক কহিল, “আমার নাম তারাপদ।”

গৌরবর্ণ ছেলেটিকে বড়ো সুন্দর দেখিতে। বড়ো বড়ো চক্ষু এবং হাস্যময় ওষ্ঠাধারে একটি সুললিত সৌকুমার্য প্রকাশ পাইতেছে। পরিধানে একখানি মলিন ধুতি। অনাবৃত দেহখানি সর্বপ্রকার বাহুল্যবর্জিত। কোনো শিল্পী যেন বহু যত্নে নিখুঁত নিটোল করিয়া গড়িয়া দিয়াছেন। যেন সে পূর্বজন্মে তাপস-বালক ছিল এবং নির্মল তপস্যার প্রভাবে তাহার শরীর হইতে শরীরাত্মক বহুল পরিমাণে ক্ষয় হইয়া একটি সম্মার্জিত ব্রাহ্মণ্যশ্রী পরিস্ফুট হইয়া উঠিয়াছে।

মতিলালবাবু তাহাকে পরম স্নেহভরে কহিলেন, “বাবা তুমি স্নান করে এসো, এখানেই আহারাদি হবে।”

তারাপদ বলিল, “বসুন”

বলিয়া তৎক্ষণাৎ অসংকোচে রন্ধনের আয়োজনে যোগদান করিল। মতিলালবাবুর চাকরটা ছিল হিন্দুস্থানী, মাছ-কোটা প্রভৃতি কার্যে

Please Turn Over

তাহার তেমন পটুতা ছিল না; তারাপদ তাহার কাজ নিজে লইয়া অল্পকালের মধ্যে সুসম্পন্ন করিল এবং দুই একটা তরকারিও অভ্যস্ত নৈপুণ্যের সহিত রন্ধন করিয়া দিল। পাককার্য শেষ হইলে তারাপদ নদীতে স্নান করিয়া বাঁচকা খুলিয়া একটি শুভ্র বস্ত্র পরিল। একটি ছোট কাঠের কাঁকই লইয়া মাথার বড়ো বড়ো চুল কপাল হইতে তুলিয়া গ্রীবার উপর ফেলিল এবং মার্জিত পইতার গোছা বক্ষে বিলম্বিত করিয়া নৌকোয় মতিবাবুর নিকট গিয়া উপস্থিত হইল।

২। (ক) কবিতা আবৃত্তির ক্ষেত্রে আবৃত্তিকারকে কোন্ কোন্ বিষয়ে সতর্ক হতে হয়— তা সংক্ষেপে লেখো। ১০

অথবা,

(খ) দলবৃত্ত বা ছড়ার ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণ সহযোগে আলোচনা করো। ১০

৩। (ক) সাহিত্য ও চলচ্চিত্রের সম্পর্ক বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ১০

অথবা,

(খ) ‘বাড়ি থেকে পালিয়ে’ কাহিনিটির চলচ্চিত্রায়ণ সংক্রান্ত প্রাসঙ্গিক তথ্যগুলি বিশদভাবে জানাও। ১০

৪। যে-কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। ৫×৬

(ক) অক্ষরবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(খ) চিত্রনাট্য ও নাট্যরূপের পার্থক্যগুলি লেখো।

(গ) ‘পথের পাঁচালী’ চলচ্চিত্রের কোন্ সিকোয়েন্সটি তোমার পছন্দের? এই পছন্দের কারণ সংক্ষেপে লেখো।

(ঘ) টীকা লেখো— মুক্তদল ও রুদ্ধদল।

(ঙ) উপন্যাসের বৈশিষ্ট্যগুলি সূত্রাকারে লেখো।

(চ) টীকা লেখো— নির্বাকযুগের বাংলা ছবি।

(ছ) যতি ছন্দের প্রাণ— আলোচনা করো।

(জ) আবৃত্তির ক্ষেত্রে সুস্পষ্ট উচ্চারণের জন্য কী কী সতর্কতা নেওয়া প্রয়োজন সংক্ষেপে লেখো।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×২০

(ক) ‘ক্ষুধিত পাষণ’ গল্পটি কার লেখা?

(খ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস নিয়ে চলচ্চিত্র নির্মিত হয়েছে— এরকম একটি উপন্যাসের নাম লেখো।

(গ) বাংলাদেশের প্রথম পূর্ণাঙ্গ সবাক ছবি কোনটি?

(ঘ) ‘পথের পাঁচালী’ চলচ্চিত্রের সংগীত পরিচালনা কে করেছিলেন?

(ঙ) কলাবৃত্ত ছন্দের অপর নাম কী?

(চ) আতাগাছে/তোতাপাখি/ডালিম গাছে/মৌ— এই কবিতাটিতে কোন্ ছন্দের প্রয়োগ ঘটেছে?

(ছ) ঋত্বিক ঘটকের একটি স্মরণীয় চলচ্চিত্রের নাম লেখো।

- (জ) অক্ষরবৃত্ত ছন্দের অপর নাম কী?
- (ঝ) বাড়ি থেকে পালিয়ে উপন্যাসটি কবে প্রকাশিত হয়েছিল?
- (ঞ) সত্যজিৎ রায় চলচ্চিত্রের ক্ষেত্রে কোন্ সর্বোচ্চ পুরস্কার লাভ করেছিলেন?
- (ট) 'কাবুলিওয়ানা' চলচ্চিত্রটির পরিচালক কে?
- (ঠ) 'দেবী' গল্পের রচয়িতা কে?
- (ড) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের একটি উপন্যাসের নাম লেখো যেটি নিয়ে চলচ্চিত্র নির্মিত হয়েছে।
- (ঢ) স্পট লাইট কী?
- (ণ) 'চিরাচরিত' শব্দটিতে কতগুলি দল আছে?
- (ত) 'মুক্তক' ছন্দের প্রবর্তক কে?
- (থ) 'পথের পাঁচালী' সিনেমাটির প্রযোজক কে ছিলেন?
- (দ) 'ক্ষুধিত পাষণ' চলচ্চিত্রের মুক্তি কবে ঘটেছিল?
- (ধ) সত্যজিৎ রায় পরিচালিত 'সোনার কেলাস' চলচ্চিত্রটিতে ফেলুদার ভূমিকায় কে অভিনয় করেছিলেন?
- (ন) 'বিষয় : চলচ্চিত্র' গ্রন্থটির রচয়িতা কে?
-